APR. 6 1999

দৈনিক ইনকিলাব

তারিখ APR. ৬ 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

## মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় বৈষম্য কেন?

বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। দেশের সংবিধান অনুসারে খাদ্য, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য ও বাসস্থান-এর সংস্থান নাগরিকদের মৌলিক অধিকার এবং এ অধিকার নিশ্চিত করার দায়-দায়িত্ব বাংলাদেশ সরকারের। উক্ত মৌলিক অধিকারসমূহ ভোগ করার ব্যাপারে সকল নাগরিকের সমান অধিকার। কিন্তু সরকার দেশের মাদ্রাসা শিক্ষার প্রতি সম্পূর্ণ উদাসীন এবং মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার ব্যাপারে বৈষম্যমূলক আচরণ করছেন। ইতিমধ্যে মার্চ মাস অতিবাহিত হয়ে গেছে এবং শিক্ষা বছরের ৩টি মাস অতীত হয়ে ৪র্থ মাস চলছে। কিন্তু মাদ্রাসার ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা এখনও তাদের পাঠ্যবই পাচ্ছেন না। নতুন বই ছাপা হয়ে এখনও বাজারে বের হয় নাই। সরকার দেশের প্রাইমারী স্কুলগুলোর ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই সরবরাহ করে থাকেন। কিন্তু মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের বেলায় ঐরূপ কোন ব্যবস্থা নাই। তাদের বাজার থেকে উচ্চ মূল্যে বই কিনে পড়তে হয়। তা-ও যথাসময়ে পাওয়া যায় না। এ ব্যাপারে সরকারের কোন দায়-দায়িত্ব আছে কি-না জানতে চাই। যে সমস্ত লোকের ছেলেমেয়েরা মাদ্রাসায় পড়েন তারা কি এদেশের নাগরিক নয়? অনতিবিলম্বে যাতে মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা সুলভ মূল্যে অথবা বিনামূল্যে তাদের পাঠ্যবই পায় সরকার যথাসময়ে তার আশু ব্যবস্থা নিবেন বলে আশা করি।

—মোঃ হোসেন আলী হাওলাদার, সিনিয়র এডভোকেট,
ঝালকাঠী বার সমিতি, পোঃ ও জেলা- ঝালকাঠী।